যে কোন তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচনা করা হবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বাংলাদেশ সরকারী কর্ম কমিশন**
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

স্মারক নম্বর : ৮০.০০.০০০০.১০৭.১১.০০৪.২৫(অংশ-১)-৪৩

তারিখ : ২৫ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
০৮ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

# বিজ্ঞপ্তি

বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারের নিম্নলিখিত পদসমূহে সরাসরি নিয়োগের জন্য নির্ধারিত যোগ্যতাধারী প্রার্থীদের নিকট হতে অনলাইনে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে :

| ক্রমিক নম্বর | ক্যাডারের নাম | বয়স | পদের নাম | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১. | বিসিএস (স্বাস্থ্য) | সর্বোচ্চ ৫০ বৎসর, তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য। | অধ্যাপক (অফথালমোলজি) বেতন স্কেল : ৫৬৫০০-৭৪৪০০/- (গ্রেড-৩) | ০১ | (1) (a) M.B.B.S from a recognized Institution or an equivalent academic qualification as recognized by the B.M.D.C.,<br>(b) Updated Registration with the B.M.D.C.,<br>And<br>2 (a) 5 years' teaching experience in the relevant subject as Associate Professor, or in any other equivalent post as recognized by the BMDC, with any of the following post-graduate degree or diploma in the relevant subject from a recognized institution or with such other equivalent academic qualification as recognized by the B.M.D.C.,<br>(i) Ph. D.; D.Sc.; Dr. P.H.; D.phil.;<br>(ii) F.C.P.S.;<br>(iii) M.D (D.U); M.S.(Orth./Surgery) (DU); or M.C.H.D.; or M.Ch. (Surgery);<br>(iv) F.R.C.S.; M.R.C.P.; or M.R.C.O.G.; M.R.C. (Path); or F.R.C.R.; or FFA, FFR.<br>(v) M.Sc.; M.Phil,<br>(vi) D.M.R.D; or D.M.R.T.; or D.P.M.<br>Or<br>(b) 7 years' teaching experience in relevant subject as Associate Professor, or in any other equivalent post as recognized by the B.M.D.C.,with any of the following post-graduate degree or diploma in the relevant subject from a recognized institution, or with such other equivalent academic qualification as recognized by the BMDC:-<br>D.Path.; D.Bact.; D.B.; D.C.P.; D.P.H.(DU); MP.H; D.I.H.; D.C.H.; D.D.; D.D.V.; D.A.; D.O.; D.L.O.; D.G.O.(DU); D.D.O.; Dip. Orth.; F.A.O.(Germany-GDR); D.Phys.(UK); D.R.C.O.G. (UK); D.C.M.(NIPSOM);<br>Or |

| ক্রমিক নম্বর | ক্যাডারের নাম | বয়স | পদের নাম | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | বিসিএস (স্বাস্থ্য) | সর্বোচ্চ ৫০ বৎসর, তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য। | | | (c) 8 years' teaching experience in the relevant subject as Associate Professor, or in any other equivalent post as recognized by the B.M.D.C., with any of the following post-graduate degree or diploma in the relevant subject from a recognized institution, or with such other equivalent academic qualifications recognized by the B.M.D.C.:- T.D.D.; D.T.C.D.; D.T.M&H; M.Sc. (Community Medicine, Singapore); D.H.S.A.(U.K); and (3) Continuous research activities and at least 5 (five) publications in Medical Journals recognized by the B.M.D.C. |
| ২. | | | অধ্যাপক (ইউরোলজি) বেতন স্কেল : ৫৬৫০০-৭৪৪০০/- (গ্রেড-৩) | ০১ | -ঐ- |
| ৩. | | | অধ্যাপক (ইএনটি) বেতন স্কেল: ৫৬৫০০-৭৪৪০০/- (গ্রেড-৩) | ০৪ | -ঐ- |
| ৪. | | | অধ্যাপক (এ্যানেসথেসিওলজি) বেতন স্কেল : ৫৬৫০০-৭৪৪০০/- (গ্রেড-৩) | ০৭ | -ঐ- |
| ৫. | | | অধ্যাপক (কার্ডিওলজি) বেতন স্কেল : ৫৬৫০০-৭৪৪০০/- (গ্রেড-৩) | ০২ | -ঐ- |
| ৬. | | | অধ্যাপক (থোরাসিক সার্জারি) বেতন স্কেল : ৫৬৫০০-৭৪৪০০/- (গ্রেড-৩) | ০১ | -ঐ- |
| ৭. | | | অধ্যাপক (পেডিয়াট্রিক) বেতন স্কেল : ৫৬৫০০-৭৪৪০০/- (গ্রেড-৩) | ০৭ | -ঐ- |
| ৮. | | | অধ্যাপক (ব্লাড ট্রান্সফিউশন) বেতন স্কেল : ৫৬৫০০-৭৪৪০০/- (গ্রেড-৩) | ০২ | -ঐ- |
| ৯. | | | অধ্যাপক (মাইক্রোবায়োলজি) বেতন স্কেল: ৫৬৫০০-৭৪৪০০/- (গ্রেড-৩) | ০৪ | -ঐ- |
| ১০. | | | অধ্যাপক (রেডিওলজি ও ইমেজিং) বেতন স্কেল : ৫৬৫০০-৭৪৪০০/- (গ্রেড-৩) | ০২ | -ঐ- |

| ক্রমিক নম্বর | ক্যাডারের নাম | বয়স | পদের নাম | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১১. | বিসিএস (স্বাস্থ্য) | সর্বোচ্চ ৫০ বৎসর, তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য। | অধ্যাপক (রেসপিরেটরি মেডিসিন) বেতন স্কেল : ৫৬৫০০-৭৪৪০০/- (গ্রেড-৩) | ০৩ | -ঐ- |
| ১২. | | | অধ্যাপক (সাইকিয়াট্রি) বেতন স্কেল: ৫৬৫০০-৭৪৪০০/- (গ্রেড-৩) | ০১ | -ঐ- |
| ১৩. | বিসিএস (স্বাস্থ্য) | সর্বোচ্চ ৪৫ বৎসর, তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য। | সহযোগী অধ্যাপক (অর্থোপেডিক সার্জারি) বেতন স্কেল: ৫০০০০-৭১২০০/- (গ্রেড-৪) | ০৪ | 1. (a) M.B.B.S from a recognized Institution or an equivalent academic qualification as recognized by the B.M.D.C.; and<br>(b) Updated Registration with the B.M.D.C.,<br>And<br>2. (a) [subject to the provisions of (2)(aa). 3 years' teaching experience][12] in the relevant subject as Assistant Professor or in such other equivalent post as recognised by the B.M.D.C., with any of the following post-graduate degree or diploma in the relevant subject from a recognised institution, or with such other equivalent academic qualification as recognised by the B.M.D.C.:-<br>(i) Ph.D.; D.Sc.; Dr.P.H.; D.Phil;<br>(ii) F.C.P.S.;<br>(iii) M.D.(DU); M.S.Orth./Surgery(DU); M.C.H.D.;<br>(iv) F.R.C.S; M.R.C.P.; M.R.C.O.G.; M.R.C.(Path); F.R.C.R.; F.F.A.; F.F.R.;<br>(v) M.Sc.; M.Phil.;<br>(vi) D.M.R.D.; D.M.R.T.; D.P.M;<br><br>[(2) (aa) When candidate with requisite qualification are not available, person with four years' teaching experience in the case of Post-Graduate Degree holders and five years' teaching experience in case of holders of such Diploma, other than DMRD, DMRT and DPM, as may be recognised by the Bangladesh Medical and Dental Council. Explanation: In this entry teaching experience means experience as Lecturer, Registrar, Resident Physician, Resident Surgeon, and Medical Officer and such other teaching posts.][13]<br>Or |

| ক্রমিক নম্বর | ক্যাডারের নাম | বয়স | পদের নাম | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | বিসিএস (স্বাস্থ্য) | সর্বোচ্চ ৪৫ বৎসর, তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য। | | | (b) 4 years' teaching experience in the relevant subject as Assistant Professor, or as Senior Consultant, or in such other equivalent post as recognised by the B.M.D.C. with any of the following post-graduate degree or diploma in the relevant subject from a recognised institution, or with such other equivalent academic qualification as recognised by the B.M.D.C:-<br>D.Path.; D.Bact.; D.B.; D.C.P. (DU); D.P.H.; M.P.H.; D.I.H.; D.C.H.; D.D.; D.D.V.; D.A.; D.O.; D.L.O.; D.G.O. (DU); D.D.O.; Dip. Orth.; F.A.O. (Germany-GDR); D Phys. (UK); D.R.C.O.G. (UK); D.C.M. (NIPSOM);<br>Or<br>(c) 5 years' teaching experience in the relevant subject as Assistant Professor, or as Senior Consultant, or in such other equivalent post as recognised by the B.M.D.C. with any of the following Post-graduate degree of diploma in the relevant subject from a recognised institution, or with such other equivalent academic qualification as recognised by the B.M.D.C.:-<br>T.D.D.; D.T.C.D.; D.T.M.&.H.; M.Sc. (Community Medicine, Singapore); D.H.S.A.(UK);<br>And<br>(3) Continuous research activities and at least 3 (three) publications in medical journals recognised by the B.M.D.C. |
| ১৪. | | | সহযোগী অধ্যাপক (ইউরোলজি)<br>বেতন স্কেল : ৫০০০০-৭১২০০/- (গ্রেড-৪) | ১০ | -ঐ- |
| ১৫. | | | সহযোগী অধ্যাপক (এনাটমি)<br>বেতন স্কেল: ৫০০০০-৭১২০০/- (গ্রেড-৪) | ০৯ | -ঐ- |
| ১৬. | | | সহযোগী অধ্যাপক (এ্যানেসথেসিওলজি)<br>বেতন স্কেল : ৫০০০০-৭১২০০/- (গ্রেড-৪) | ০২ | -ঐ- |
| ১৭. | | | সহযোগী অধ্যাপক (কমিউনিটি মেডিসিন)<br>বেতন স্কেল: ৫০০০০-৭১২০০/- (গ্রেড-৪) | ০২ | -ঐ- |

| ক্রমিক নম্বর | ক্যাডারের নাম | বয়স | পদের নাম | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১৮. | বিসিএস (স্বাস্থ্য) | সর্বোচ্চ ৪৫ বৎসর, তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য। | সহযোগী অধ্যাপক (কার্ডিওলজি) বেতন স্কেল: ৫০০০০-৭১২০০/- (গ্রেড-৪) | ০৪ | -ঐ- |
| ১৯. | | | সহযোগী অধ্যাপক (কার্ডিয়াক সার্জারি) বেতন স্কেল: ৫০০০০-৭১২০০/- (গ্রেড-৪) | ০১ | -ঐ- |
| ২০. | | | সহযোগী অধ্যাপক (গাইনি অনকোলজি) বেতন স্কেল: ৫০০০০-৭১২০০/- (গ্রেড-৪) | ০১ | -ঐ- |
| ২১. | | | সহযোগী অধ্যাপক (গাইনি এন্ড অবস) বেতন স্কেল : ৫০০০০-৭১২০০/- (গ্রেড-৪) | ১৫ | -ঐ- |
| ২২. | | | সহযোগী অধ্যাপক (চর্ম ও যৌন) বেতন স্কেল: ৫০০০০-৭১২০০/- (গ্রেড-৪) | ০৬ | -ঐ- |
| ২৩. | | | সহযোগী অধ্যাপক (নেফ্রোলজি) বেতন স্কেল : ৫০০০০-৭১২০০/- (গ্রেড-৪) | ০১ | -ঐ- |
| ২৪. | | | সহযোগী অধ্যাপক (পেডিয়াট্রিক) বেতন স্কেল : ৫০০০০-৭১২০০/- (গ্রেড-৪) | ১১ | -ঐ- |
| ২৫. | | | সহযোগী অধ্যাপক (প্যাথলজি) বেতন স্কেল : ৫০০০০-৭১২০০/- (গ্রেড-৪) | ০৮ | -ঐ- |
| ২৬. | | | সহযোগী অধ্যাপক (প্লাস্টিক সার্জারি) বেতন স্কেল : ৫০০০০-৭১২০০/- (গ্রেড-৪) | ০১ | -ঐ- |
| ২৭. | | | সহযোগী অধ্যাপক (ফার্মাকোলজি) বেতন স্কেল : ৫০০০০-৭১২০০/- (গ্রেড-৪) | ০১ | -ঐ- |

| ক্রমিক নম্বর | ক্যাডারের নাম | বয়স | পদের নাম | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ২৮. | বিসিএস (স্বাস্থ্য) | সর্বোচ্চ ৪৫ বৎসর, তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য। | সহযোগী অধ্যাপক (ফিজিওলজি) বেতন স্কেল : ৫০০০০-৭১২০০/- (গ্রেড-৪) | ০৯ | -ঐ- |
| ২৯. | | | সহযোগী অধ্যাপক (বায়োকেমিস্ট্রি) বেতন স্কেল : ৫০০০০-৭১২০০/- (গ্রেড-৪) | ০৯ | -ঐ- |
| ৩০. | | | সহযোগী অধ্যাপক (ব্লাড ট্রান্সফিউশন) বেতন স্কেল : ৫০০০০-৭১২০০/- (গ্রেড-৪) | ০৪ | -ঐ- |
| ৩১. | | | সহযোগী অধ্যাপক (মাইক্রোবায়োলজি) বেতন স্কেল : ৫০০০০-৭১২০০/- (গ্রেড-৪) | ০১ | -ঐ- |
| ৩২. | | | সহযোগী অধ্যাপক (রেডিওলজি এন্ড ইমেজিং) বেতন স্কেল : ৫০০০০-৭১২০০/- (গ্রেড-৪) | ০৪ | -ঐ- |
| ৩৩. | | | সহযোগী অধ্যাপক (রেসপিরেটরি মেডিসিন) বেতন স্কেল : ৫০০০০-৭১২০০/- (গ্রেড-৪) | ০১ | -ঐ- |
| ৩৪. | | | সহযোগী অধ্যাপক (সাইকিয়াট্রি) বেতন স্কেল : ৫০০০০-৭১২০০/- (গ্রেড-৪) | ০৮ | -ঐ- |
| ৩৫. | | | সহযোগী অধ্যাপক (সার্জারি) বেতন স্কেল : ৫০০০০-৭১২০০/- (গ্রেড-৪) | ০১ | -ঐ- |
| ৩৬. | বিসিএস (স্বাস্থ্য) | সর্বোচ্চ ৪০ বৎসর, তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য। | সিনিয়র কনসালটেন্ট (মেডিসিন) বেতন স্কেল : ৪৩০০০-৬৯৮৫০/- (গ্রেড-৫) | ১৪ | (a) MBBS or equivalent degree with 10 years'experience and with Post Graduate Degree/Diploma in the relevant subject as recognized by the B.M.D.C. |
| ৩৭. | | | সিনিয়র কনসালটেন্ট (চক্ষু) বেতন স্কেল : ৪৩০০০-৬৯৮৫০/- (গ্রেড-৫) | ১১ | -ঐ- |
| ৩৮. | | | সিনিয়র কনসালটেন্ট (চর্ম ও যৌন) বেতন স্কেল : ৪৩০০০-৬৯৮৫০/- (গ্রেড-৫) | ০৬ | -ঐ- |

| ক্রমিক নম্বর | ক্যাডারের নাম | বয়স | পদের নাম | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ৩৯. | বিসিএস (স্বাস্থ্য) | সর্বোচ্চ ৪০ বৎসর, তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য। | সহকারী অধ্যাপক (ইউরোলজি) বেতন স্কেল : ৩৫৫০০-৬৭০১০/- (গ্রেড-৬) | ১৪ | (a) (i) M.B.B.S. from a recognised institution or equivalent academic qualification as recognised by the B.M.D.C and<br>(ii) Updated Registration from the B.M.D.C;<br>And<br>(b) Any of the following Post-Graduate Dgeree or Diploma in the relevant subject form a recognised institution or such other equivalent academic qualification as recognised by the B.M.D.C.:-<br>Ph.D.; D.Sc; Dr. Ph.D.Phil.; F.C.P.S.; M.D.(DU); M.S. (Orth/Surgery)(DU); M.C.H.D.; M.Ch. (Surgery); F.R.C.S.; M.R.C.P.; M.R.C.O.G.; M.R.C.(Path); F.R.C.R.; F.F.A.; F.F.R.; M.Sc.; M.Phil.; D.M.R.D.; D.M.R.T.; D.P.M.; D.Path.; D.Bact.-D.B.; D.C.P. (DU); D.P.H.; M.P.H.; D.I.H.; D.C.H.; D.D.; D.D.V.; D.A.; D.O.; D.L.O.; D.G.O. (DU); D.D.O.; Dip.Orth; F.A.O.(Germany); D.Phys. (UK,GDR); D.R.C.O.G.(UK); D.C.M (NIPSOM); T.D.D.; D.T.C.D.; D.T.M.&H.; M.Sc. Community Medicine (Singapore); D.H.S.A.(UK).<br>Candidates having teaching experience or evidence or research work and publication will get preference. |
| ৪০. | | | সহকারী অধ্যাপক (ইএনটি) বেতন স্কেল : ৩৫৫০০-৬৭০১০/- (গ্রেড-৬) | ২৩ | -ঐ- |
| ৪১. | | | সহকারী অধ্যাপক (এ্যানেসথেসিওলজি) বেতন স্কেল : ৩৫৫০০-৬৭০১০/- (গ্রেড-৬) | ২০ | -ঐ- |
| ৪২. | | | সহকারী অধ্যাপক (ডেন্টিস্ট্রি) বেতন স্কেল : ৩৫৫০০-৬৭০১০/- (গ্রেড-৬) | ০৯ | -ঐ- |
| ৪৩. | | | সহকারী অধ্যাপক (নিউরোসার্জারি) বেতন স্কেল : ৩৫৫০০-৬৭০১০/- (গ্রেড-৬) | ০৮ | -ঐ- |
| ৪৪. | | | সহকারী অধ্যাপক (নেফ্রোলজি) বেতন স্কেল : ৩৫৫০০-৬৭০১০/- (গ্রেড-৬) | ০৩ | -ঐ- |

| ক্রমিক নম্বর | ক্যাডারের নাম | বয়স | পদের নাম | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ৪৫. | বিসিএস (স্বাস্থ্য) | সর্বোচ্চ ৪০ বৎসর, তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য। | সহকারী অধ্যাপক (পেডিয়াট্রিক নেফ্রোলজি) বেতন স্কেল : ৩৫৫০০-৬৭০১০/- (গ্রেড-৬) | ০৩ | -ঐ- |
| ৪৬. | | | সহকারী অধ্যাপক (পেডিয়াট্রিক কার্ডিয়াক সার্জারি) বেতন স্কেল : ৩৫৫০০-৬৭০১০/- (গ্রেড-৬) | ০১ | -ঐ- |
| ৪৭. | | | সহকারী অধ্যাপক (পেডিয়াট্রিক সার্জারি) বেতন স্কেল : ৩৫৫০০-৬৭০১০/- (গ্রেড-৬) | ০১ | -ঐ- |
| ৪৮. | | | সহকারী অধ্যাপক (ভাস্কুলার সার্জারি) বেতন স্কেল : ৩৫৫০০-৬৭০১০/- (গ্রেড-৬) | ০১ | -ঐ- |
| ৪৯. | | | সহকারী অধ্যাপক (মাইক্রোবায়োলজি) বেতন স্কেল : ৩৫৫০০-৬৭০১০/- (গ্রেড-৬) | ১১ | -ঐ- |
| ৫০. | | | সহকারী অধ্যাপক (রেসপিরেটরি মেডিসিন) বেতন স্কেল : ৩৫৫০০-৬৭০১০/- (গ্রেড-৬) | ০৬ | -ঐ- |
| ৫১. | | | সহকারী অধ্যাপক (সাইকিয়াট্রি) বেতন স্কেল : ৩৫৫০০-৬৭০১০/- (গ্রেড-৬) | ১১ | -ঐ- |
| ৫২. | | | সহকারী অধ্যাপক (সার্জারি) বেতন স্কেল : ৩৫৫০০-৬৭০১০/- (গ্রেড-৬) | ০৫ | -ঐ- |
| ৫৩. | | | সহকারী অধ্যাপক (ফরেনসিক মেডিসিন) বেতন স্কেল : ৩৫৫০০-৬৭০১০/- (গ্রেড-৬) | ০৫ | (a)(i) M.B.B.S. or equivalent academic qualification as recognised by the B.M.D.C; and (ii) Updated Registration from the B.M.D.C; And (b) Practical experience for at least 5 years in medicolegal work as Lecturer or in such other equivalent post as recognised by the B.M.D.C. |
| **সর্বমোট শূন্য পদের সংখ্যা =** | | | | **৩০০** | |

**১.০ বিশেষ নির্দেশাবলি:**

১.১ নতুন পদসৃষ্টি, পদবিলুপ্তি, পদোন্নতি, অবসর গ্রহণ, মৃত্যু, পদত্যাগ অথবা অপসারণ ইত্যাদি কারণে বিজ্ঞাপিত শূন্য পদের সংখ্যা পরিবর্তন হতে পারে।

১.২ বিজ্ঞাপনে উল্লিখিত পদের জন্য কোনো প্রার্থীর নির্ধারিত শিক্ষাগত যোগ্যতা ও প্রযোজ্য অভিজ্ঞতা না থাকলে উক্ত প্রার্থী আবেদন করতে পারবেন না। কোনো প্রার্থী বিদেশ হতে তাঁর অর্জিত কোনো ডিগ্রিকে উল্লিখিত পদের পার্শ্বে বর্ণিত শিক্ষাগত যোগ্যতার সমমানের বলে দাবি করলে তাঁকে সে মর্মে বাংলাদেশ মেডিক্যাল কাউন্সিল কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদের সত্যায়িত কপি কমিশন কর্তৃক নির্ধারিত সময়ে BPSC Form-D (Applicant's copy) এর সঙ্গে জমা দিতে হবে। উক্ত ইকুইভ্যালেন্স সনদের মূলকপি মৌখিক পরীক্ষার সময় সাক্ষাৎকার বোর্ডে অবশ্যই উপস্থাপন করতে হবে, অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না।

**২.০ অনলাইনে আবেদনপত্র (BPSC Form-D) পূরণ এবং পরীক্ষার ফি জমাদান শুরু ও শেষ হওয়ার তারিখ ও সময়:**

**২.১ আবেদনপত্র পূরণ ও ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০৯.০২.২০২৬ খ্রিস্টাব্দ তারিখ, বাংলাদেশ প্রমাণ সময় বেলা ১২:০০ মিনিট।**

**২.২ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ০৮.০৩.২০২৬ খ্রিস্টাব্দ তারিখ, বাংলাদেশ প্রমাণ সময় রাত ১১.৫৯ মিনিট।**

**২.৩ আবেদনপত্র গ্রহণের শেষ তারিখ অর্থাৎ ০৮.০৩.২০২৬ খ্রিস্টাব্দ তারিখ, বাংলাদেশ প্রমাণ সময় রাত ১১.৫৯ মিনিটের মধ্যে System হতে সয়ংক্রিয়ভাবে User ID প্রাপ্ত প্রার্থীরাই কেবল উক্ত সময়ের পরবর্তী ৭২ ঘণ্টা (অর্থাৎ ১১.০৩.২০২৬ খ্রিস্টাব্দ তারিখ, বাংলাদেশ প্রমাণ সময় রাত ১১.৫৯ মিনিট পর্যন্ত) সময়ের মধ্যে sms এর মাধ্যমে (বিজ্ঞাপনের ১০ নম্বর অনুচ্ছেদের নির্দেশনা অনুসরণ করে) নির্ধারিত ফি জমা দিতে পারবেন। নির্ধারিত সময়ের পূর্বে বা পরে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।**

**২.৪ অনুচ্ছেদ ২.৩ এ বর্ণিত নির্ধারিত সময়সীমার মধ্যে Applicant's Copy-তে উল্লিখিত সময় অনুযায়ী প্রার্থীদের ফি জমাদান সম্পন্ন করতে হবে। ফি জমাদানের পূর্বে আবেদনপত্র সংশোধনের সুযোগ রয়েছে। আবেদনের প্রিন্ট কপি দেখে নিশ্চিত হয়ে ফি জমা দিবেন। ফি জমাদানের পর আর কোন সংশোধনের সুযোগ থাকবে না। শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে পর্যাপ্ত সময় নিয়ে আবেদনপত্র জমাদান চূড়ান্ত করতে পরামর্শ দেয়া হলো।**

**৩.০ বয়সসীমা (Age limit):**

৩.১ ০১.০২.২০২৬ খ্রিস্টাব্দ তারিখে বয়স: অধ্যাপক পদে সর্বোচ্চ ৫০ বছর, সহযোগী অধ্যাপক পদে সর্বোচ্চ ৪৫ বছর, সিনিয়র কনসালটেন্ট পদে সর্বোচ্চ ৪০ বছর ও সহকারী অধ্যাপক পদে সর্বোচ্চ ৪০ বছর। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য ।

৩.২ প্রার্থীর বয়স কম বা বেশি হলে আবদনপত্র গ্রহণযোগ্য হবেনা।

**৪.০ নাগরিকত্ব (Nationality):**

৪.১ প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

৪.২ সরকারের পূর্বানুমতি ব্যতিরেকে কোনো প্রার্থী কোনো বিদেশি নাগরিককে বিবাহ করলে বা বিবাহ করতে প্রতিজ্ঞাবদ্ধ হলে তিনি আবেদনের অযোগ্য বলে বিবেচিত হবেন। সরকারের অনুমতিপত্র কমিশন কর্তৃক নির্ধারিত সময়ে BPSC Form-D এর (Applicant's copy) সঙ্গে কমিশনের ঢাকাস্থ প্রধান কার্যালয়ে অবশ্যই জমা দিতে হবে।

**৫.০ লিঙ্গ (Gender):**

৫.১ লিঙ্গ নির্বিশেষে বিজ্ঞাপিত যোগ্যতাধারী বাংলাদেশের যেকোনো নাগরিক বিজ্ঞাপিত পদের জন্য যোগ্য বিবেচিত হবেন।

৬.০ **বিভাগীয় প্রার্থীর সংজ্ঞা :** "Departmental Candidates" are those who hold post or posts in the same line of service for at least two years either in substantive or officiating capacity and are eligible for promotion or direct recruitment to the post advertised provided that their age at the time of first appointment to government service was within the age limit prescribed for direct appointment to the post.

**৭.০ চাকরিরত প্রার্থী:** প্রজাতন্ত্রের কর্মে (সরকারি/আধা সরকারি/স্বায়ত্তশাসিত সংস্থা) অথবা স্থানীয় কর্তৃপক্ষের অধীন চাকরিরত প্রার্থীগণের মধ্যে যোগ্যতাসম্পন্ন এবং নির্ধারিত বয়সের প্রার্থীরা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক অনুমতিপ্রাপ্ত হলে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।

৮.০ **অনলাইন-এ আবেদনপত্র (BPSC Form- D) পূরণ পদ্বতি :**

প্রার্থীদের এই বিজ্ঞাপনের ৮ নম্বর অনুচ্ছেদে উল্লিখিত পদ্ধতি এবং BPSC Form-D পূরণের নির্দেশবলিতে প্রদত্ত নির্দেশনা অনুসরণ করে শুধু কমিশন কর্তৃক নির্ধারিত আবেদনপত্র BPSC Form-D অনলাইনে পূরণ করে আবেদন করতে হবে। পূরণকৃত BPSC Form-D এর একাধিক কপি ডাউনলোড করে কমিশন কর্তৃক নির্ধারিত সময়ে জমাদানের জন্য প্রার্থী নিজের কাছে সযত্নে সংরক্ষণ করবেন। অনলাইনে জমাকৃত BPSC Form-D (Applicant's copy) কমিশনের ওয়েবসাইট থেকে ডাউনলোড করে বিজ্ঞাপনের ১৩ নম্বর অনুচ্ছেদে উল্লিখিত কাগজপত্রসহ প্রার্থী কমিশন কর্তৃক নির্ধারিত সময়ে ও স্থানে জমা দিবেন।

৯.০ **অনলাইনে BPSC Form- D পূরণ পদ্ধতি:**

প্রার্থীকে Teletalk BD Ltd-এর Web Address: http://bpsc.teletalk.com.bd অথবা বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের Web Address: www.bpsc.gov.bd এর মাধ্যমে কমিশন কর্তৃক নির্ধারিত অনলাইন আবেদনপত্র BPSC Form-D পূরণ করে অনলাইন রেজিস্ট্রেশন কার্যক্রম এবং ফি জমাদান সম্পন্ন করতে হবে। উল্লিখিত ওয়েবসাইট ওপেন করলে Basic instruction, Application Form-D এর রেডিও বাটন দৃশ্যমান হবে। কমিশনের www.bpsc.gov.bd ওয়েবসাইটে অনলাইন আবেদনপত্র (BPSC Form-D) পূরণের বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা (Basic Instruction) দেওয়া থাকবে। অনলাইনে ফরম পূরণের পূর্বে প্রার্থী উক্ত নির্দেশনা অংশটি ডাউনলোড করে প্রতিটি নির্দেশনা ভালভাবে আয়ত্ত করে নিতে পারবেন।

১০.০ **ডিক্লারেশন :**

প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের (BPSC Form-D) ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল এবং কমিশন কর্তৃক গৃহীতব্য যে কোনো নিয়োগ পরীক্ষায় আবেদন করার অযোগ্য ঘোষণাসহ তাঁর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে। BPSC Form-D এ প্রদত্ত ডিক্লারেশন অনুযায়ী ওয়েবসাইট থেকে স্বয়ংক্রিয়ভাবে ডাউনলোড করে সাময়িকভাবে প্রবেশপত্র গ্রহণ করবেন। পরবর্তীতে উপরোল্লিখিত কোনোরূপ অযোগ্যতা/দুর্নীতি প্রমাণিত হলে সাময়িকভাবে প্রাপ্ত প্রবেশপত্র ও প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।

১১.০ **পরীক্ষার ফি জমা প্রদান :**

অনলাইনে আবেদনপত্র (BPSC From-D) যথাযথভাবে পূরণ পূর্বক নির্দেশমতে ছবি এবং স্বাক্ষর আপলোড করে প্রার্থী কর্তৃক আবেদনপত্র submit সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ application preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র submit সম্পন্ন হলে প্রার্থী একটি User ID সহ ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant`s copy পাবে। উক্ত Applicant`s copy প্রার্থীকে প্রিন্ট অথবা ডাউনলোড করে সংরক্ষণ করতে হবে। Applicant`s copy-তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং এই User ID নম্বর ব্যবহার করে Teletalk Bangladesh Ltd. কর্তৃক sms এর মাধ্যমে প্রদত্ত নির্দেশনা অনুসারে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে sms করে পরীক্ষার ফি ২০০/- (দুইশত) টাকা, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, প্রতিবন্ধী এবং তৃতীয় লিঙ্গের প্রার্থীদের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা জমা দিবেন এবং Admit Card ডাউনলোড করে প্রিন্ট করতে পারবেন।

প্রথম SMS: BPSCH<space><User ID> and send SMS to 16222

Example: BPSCH QRNTCBTP

Reply: Applicant`s Name, Tk-200 (50 Tk for Ethnic Minority Group, Disabled and Third gender Group candidates) will be charged as application fee. Your PIN is (8 digit number) 12345678. To pay fee, type BPSCH <Space>Yes<Space> PIN and send to 16222.

উক্ত sms প্রাপ্তির পর Teletalk Bangladesh Ltd. হতে প্রার্থীকে স্বাগত জানিয়ে একটি PIN নম্বর প্রদান করা হবে এবং পরীক্ষায় ফি জমাদানের নির্দেশ দেয়া হবে। নির্দেশমতে প্রার্থী ২য় sms এর মাধ্যমে নিম্নোক্ত পদ্ধতিতে পরীক্ষার নির্ধারিত ফি জমা দিবেন :

দ্বিতীয় SMS : BPSCH<space>yes<space><PIN> and send SMS to 16222

Example: BPSCH YES 12345678

Reply: Congratulations! Applicant`s Name, payment completed successfully for BPSC From-D.User ID is (xxxxxxxx) and Password (xxxxxxxx).

Password হারিয়ে গেলে করণীয় : For Lost Password, Please Type BPSCH <space>HELP<space>SSC Board <Space>SSC Roll<Space>SSC Year and Send to 16222.

১২.০ ছবি **(Photo)** : BPSC From-D সুষ্ঠুভাবে পূরণ সম্পন্ন হলে applicaction preview দেখা যাবে। preview এর নির্ধারিত স্থানে প্রার্থীকে (দৈর্ঘ্যxপ্রস্থ) 300x300 pixel এর কম বা বেশি নয় এবং file size 100 KB এর বেশি গ্রহণযোগ্য নয়, এরূপ মাপের অনধিক তিন মাস পূর্বে তোলা প্রার্থীর রঙিন ছবি scan করে আপলোড করতে হবে। সাদাকালো ছবি গ্রহণযোগ্য হবে না। Applicant`s copy-তে ছবি মুদ্রিত না হলে আবেদনপত্র বাতিল হবে। সানগ্লাসসহ ছবি গ্রহণযোগ্য হবে না। Home page এর help menu তে ক্লিক করলে photo এবং signature সম্পর্কে বিস্তারিত নির্দেশনা পাওয়া যাবে।

১৩.০ স্বাক্ষর **(Signature)**: Application Preview-তে স্বাক্ষরের জন্য নির্ধারিত স্থানে (দৈর্ঘ্যxপ্রস্থ) 300x80 pixel এর কম বা বেশি নয় এবং file size 60 KB এর বেশি গ্রহণযোগ্য নয়, প্রার্থীকে এরূপ মাপের নিজের স্বাক্ষর scan করে আপলোড করতে হবে। উল্লিখিত নির্দেশনা অনুযায়ী Applicant's copy-তে স্বাক্ষর মুদ্রিত না হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১৪.০ একাধিক ফরমপূরণ নিষিদ্ধ: কোন প্রার্থী ফি জমা দিয়ে চূড়ান্তভাবে অনলাইনে আবেদন করার পর পুনরায় অনলাইনে আবেদন করতে পারবেন না। কোন প্রার্থী মিথ্যা, ভিন্ন/ভুল তথ্য দিয়ে একাধিকবার ফরম পূরণ করলে প্রক্রিয়ায়ণের যে কোন স্তরে তা প্রমাণ হলে তার সামগ্রিক প্রার্থিতা বাতিল হবে।

**১৫.০ নির্দেশিত কাগজপত্রসহ BPSC Form- D জমাদান:** প্রার্থীগণ কমিশনের www.bpsc.gov.bd ওয়েবসাইট থেকে অনলাইনে পূরণকৃত BPSC Form-D (Applicant's copy) ডাউনলোড করে সংগ্রহ করবেন। ওয়েবসাইট থেকে সংগৃহীত BPSC Form-D (Applicant's copy) প্রার্থীগণ বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের নির্দেশনা অনুসরণ করে নিম্নোক্ত প্রয়োজনীয় সনদ/ডকুমেন্টসসহ কমিশন কর্তৃক নির্দেশিত সময়ে এবং স্থানে হাতে হাতে জমা দিবেন:

১৫.১ প্রার্থীর স্বাক্ষরযুক্ত এবং প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ০৩ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি BPSC Form-D (Applicant's copy) এর উপরে বাম পাশে স্ট্যাপলারের সাহায্যে সংযুক্ত করতে হবে।

১৫.২ শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ বোর্ড এবং বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত প্রতিটি ডিগ্রির মূল/সাময়িক সনদের সত্যায়িত ফটোকপি।

১৫.৩ বয়স প্রমাণের জন্য শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত এস.এস.সি/সমমানের পরীক্ষার মূল/সাময়িক সনদের সত্যায়িত কপি। "O-Level" এবং "A-Level" উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে জন্ম তারিখ সংবলিত দালিলিক প্রমাণ [যেমন- জাতীয় পরিচয়পত্র (NID), পাসপোর্ট, জন্ম নিবন্ধন সনদ] । উল্লেখ্য, বয়স প্রমাণের জন্য এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

১৫.৪ যে সকল প্রার্থীর জাতীয় পরিচয়পত্র (NID) নম্বর রয়েছে সে সকল প্রার্থী অনলাইন আবেদনপত্রের নির্ধারিত স্থানে NID নম্বর উল্লেখ করবেন এবং কমিশন কর্তৃক নির্দেশিত সময়ে তা প্রদর্শন করবেন। যে সকল প্রার্থীর NID নম্বর নেই সে সকল প্রার্থী NID প্রাপ্তির পর কমিশনের পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার) বরাবর দরখাস্তসহ NID এর সত্যায়িত কপি জমা দিবেন। তবে NID না থাকার কারণে কোনো প্রার্থীর প্রার্থিতা বাতিল হবে না।

১৫.৫ বিদেশ থেকে অর্জিত ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিজ্ঞাপনের ১(খ) অনুচ্ছেদ অনুযায়ী বি.এম.ডি.সি কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদের সত্যায়িত কপি।

১৫.৬ বি.এম.ডি.সি কর্তৃক ইস্যুকৃত হালনাগাদ রেজিস্ট্রেশন সনদের সত্যায়িত কপি।

১৫.৭ এই বিজ্ঞাপনের ১৫ নম্বর অনুচ্ছেদের (খ) এবং (গ) উপানুচ্ছেদ অনুযায়ী সরকার অথবা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি থেকে ইস্তফাদানকারী অথবা অপসারিত ব্যক্তিদের ক্ষেত্রে ইস্তফাপত্র গ্রহণ অথবা অপসারণ আদেশের সত্যায়িত কপি।

১৫.৮ এই বিজ্ঞাপনের ১৫ নম্বর অনুচ্ছেদের (ক) উপানুচ্ছেদ অনুযায়ী সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত সংস্থা/ স্থানীয় কর্তৃপক্ষের অধীনে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত ছাড়পত্রের সত্যায়িত কপি।

১৫.৯ অভিজ্ঞতার সনদ: অর্জিত অভিজ্ঞতার প্রমাণস্বরূপ অনলাইনে দরখাস্ত দাখিলের পূর্ব পর্যন্ত প্রার্থী যে যে পদে নিযুক্ত ছিলেন সে সকল পদের নিয়োগপত্র এবং যোগদানপত্রের কপি, দায়িত্ব গ্রহণপত্র প্রযোজ্য ক্ষেত্রে দায়িত্ব হস্তান্তর পত্র (আর্টিকেল- ৪৭ ফরম)।

১৫.১০ সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞতা সম্পর্কিত সরকারী আদেশের এবং কতদিন, কতমাস, বৎসর উক্ত পদে কাজ করেছেন তার বিস্তারিত বিবরণ টেবিল ফরমে chronological order শুরু হতে শেষ তারিখ পর্যন্ত জি,ও এবং যোগদান ও ছাড়পত্রের সত্যায়িত কপি জমা দিতে হবে।

১৫.১১ প্রার্থী কর্তৃক আবেদনপত্রে বর্ণিত স্থায়ী ঠিকানা (Permanent Address) যদি ইত:পূর্বে কোন সার্টিফিকেটে বা অন্যত্র বর্ণিত স্থায়ী ঠিকানা হতে ভিন্নতর হয় কিংবা মহিলা প্রার্থীদের ক্ষেত্রে যদি স্বামীর ঠিকানা ব্যবহার করা হয় তবে সে ক্ষেত্রে প্রার্থীকে পরিবর্তিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে NID বা সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/ওয়ার্ড কমিশনার/পৌরসভার মেয়র/ কাউন্সিলর/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত সনদপত্রের কপি জমা দিতে হবে।

১৫.১২ মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধা/বীরাঙ্গনার পুত্র-কন্যা হিসেবে আবেদনকারী প্রার্থীকে পিতার/মাতার মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধা (বীরাঙ্গনা) সনদের সত্যায়িত কপি জমা দিতে হবে। এক্ষেত্রে সনদ হিসেবে নিম্নের যে কোন একটি গ্রহণযোগ্য বিবেচিত হবে;
(১) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত ২৬.০২.২০০২ তারিখের মু:বি:ম/সনদ-১/প্র-১/২০০২/০২ নং প্রজ্ঞাপন অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ইস্যুকৃত পিতা/মাতার মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধা (বীরাঙ্গনা) সনদ;

অথবা

(২) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ০১.০২.২০০৯ তারিখের মুবিম/সনদ-১/প্র-৩/৩১/০২/১৪০ নং প্রজ্ঞাপন অনুযায়ী ১৯৯৭ থেকে ২০০১ সাল পর্যন্ত সরকার প্রধান কর্তৃক প্রতিস্বাক্ষরিত এবং মুক্তিযোদ্ধা সংসদ কর্তৃক ইস্যুকৃত পিতা/মাতার মুক্তিযোদ্ধা সনদ;

১৫.১৩ প্রার্থী প্রতিবন্ধী হলে সমাজসেবা অধিদপ্তরের অধীন জেলা সমাজসেবা অফিসের উপপরিচালক/সমমর্যাদা সম্পন্ন/দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্তৃপক্ষ থেকে স্বাক্ষরিত **প্রতিবন্ধী সনদের সত্যায়িত কপি অথবা সমাজসেবা অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত "সুবর্ণ নাগরিক কার্ড" এর সত্যায়িত কপি;**

১৫.১৪ তৃতীয় লিঙ্গভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি;

১৫.১৫ প্রার্থী ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ভুক্ত হলে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট হতে প্রাপ্ত সনদের সত্যায়িত ফটোকপি। উল্লেখ্য, **জেলা প্রশাসক ব্যতীত অন্য কোনো কর্মকর্তা কর্তৃক প্রদত্ত সনদ গ্রহণযোগ্য হবে না;**

১৬. **অপসারণ আদেশ/ইস্তফাপত্র/অনাপত্তি/ছাড়পত্র :**

১৬.১ প্রার্থীদের মধ্যে যারা সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত সংস্থা অথবা স্থানীয় কর্তৃপক্ষের অধীনে কর্মরত তাদের নিয়োগকারী কর্তৃপক্ষের সিল-স্বাক্ষরিত ছাড়পত্রের কপি BPSC From-D এর সাথে জমা দিতে হবে। মূলকপি মৌখিক পরীক্ষার বোর্ডে জমা দিতে হবে। সংশ্লিষ্ট পদের নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ছাড়পত্রের কপি জমা দিতে ব্যর্থ হলে মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না।

১৬.২ চাকরি হতে অপসারিত (removed) হয়েছেন অথবা চাকরিতে ইস্তফা দিয়েছেন এমন প্রার্থীরাও পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। তবে এসব ক্ষেত্রে প্রার্থীকে তাদের BPSC Form-D (Applicant's copy) এর সঙ্গে চাকরি হতে অপসারণের আদেশের বা ইস্তফাপত্র গৃহীত হয়েছে মর্মে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত এরূপ আদেশের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

১৬.৩ কোনো প্রার্থী অনলাইন আবেদনপত্র [BPSC Form-D (Applicant's copy)] জমাদানের পর মৌখিক পরীক্ষার পূর্বে কোনো চাকরিতে যোগদান করলে বা চাকরি থেকে ইস্তফাদান করলে বা চাকরি থেকে অপসারিত হলে মৌখিক পরীক্ষার বোর্ডে প্রার্থীকে অবশ্যই নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক অনাপত্তি/ছাড়পত্র/ইস্তফাপত্র গ্রহণ/অপসারণ আদেশের কপি দাখিল করতে হবে। অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না এবং প্রার্থিতা বাতিল হবে।

১৭.০ কমিশন সকল আবেদনপত্র বিবেচনা করবে এবং উপযুক্ত প্রার্থীদের সাক্ষাৎকার গ্রহণ করবে। তবে বিজ্ঞাপনের শর্ত মোতাবেক যথাযথভাবে আবেদনপত্র পূরণ না করা হলে, স্বাক্ষর করা না হলে, কোনো কলাম/ঘর/স্থান পূরণ না করা হলে ও বিজ্ঞাপনে উল্লিখিত সনদপত্রের সত্যায়িত কপি জমা না দিলে প্রার্থীর আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। বাছাই প্রক্রিয়ার পরও যে কোনো পর্যায়ে এ সকল ত্রুটি ধরা পড়লে প্রার্থিতা বাতিল করা হবে। এমনকি কমিশন কর্তৃক সুপারিশ পাবার পরও প্রার্থী কর্তৃক ইতোপূর্বে প্রদত্ত কোনো তথ্য ভুল বলে প্রমাণিত হলে বা প্রার্থীর যোগ্যতা, অভিজ্ঞতা ও অন্যান্য ক্ষেত্রে ভুল তথ্য পাওয়া গেলে, তাঁর প্রার্থীতা/মনোনয়ন/সুপারিশ বাতিলসহ কর্ম কমিশন পরবর্তী যে কোনো সময় পর্যন্ত উক্ত প্রার্থীকে সরকারি চাকরির জন্যে অযোগ্য ঘোষণা করতে পারে। প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হতে পারে। নিয়োগের পরও এ জাতীয় কোনো ভুল তথ্য প্রকাশ পেলে প্রার্থীকে চাকরি হতে বরখাস্ত করা ছাড়াও তাঁর রিরুদ্ধে আইনানুগ অন্য যে কোনো ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। যে সকল ক্ষেত্রে পদের সংখ্যার চেয়ে প্রার্থী সংখ্যা তুলনামূলকভাবে অত্যধিক বেশি হবে সেই সকল ক্ষেত্রে মৌখিক পরীক্ষার পূর্বে একটি লিখিত/বাছাই পরীক্ষা গ্রহণ করা হতে পারে। কোনো পদে মৌখিক পরীক্ষা হবে, না লিখিত/বাছাই পরীক্ষা হবে, এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা কমিশন সংরক্ষণ করেন।

১৮.০ **মৌখিক পরীক্ষা :** মৌখিক পরীক্ষার পূর্ণ নম্বর ১০০ এবং পাস নম্বর ৫০।

১৯.০ **মৌখিক পরীক্ষা সংক্রান্ত গোপনীয়তা:**

ক. মৌখিক পরীক্ষার নম্বর গোপনীয় থাকবে এবং উক্ত পরীক্ষার নম্বর বা এতৎসংশ্লিষ্ট তথ্য প্রার্থী বা তার প্রতিনিধিকে প্রদর্শন বা প্রদান করা হবে না।

২০.০ **পরীক্ষাকেন্দ্র:** মৌখিক পরীক্ষা কমিশনের প্রধান কার্যালয় ঢাকায় অনুষ্ঠিত হবে।

২১.০ এই বিজ্ঞপ্তিতে যে সকল শর্ত আরোপ করা হলো তা যদি অনলাইন আবেদনপত্রের [BPSC Form-D (Applicant's copy)] কোনো শর্তের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ না হয় তাহলে এই বিজ্ঞপ্তির শর্তই চূড়ান্ত বলে গণ্য হবে। তবে কোনো বিষয় অনুল্লিখিত থাকলে অথবা ব্যাখ্যার প্রয়োজন হলে কমিশন এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যাখ্যা দিবে।

২২.০ পরীক্ষা সংক্রান্ত কোনো দরকারি বা অন্যান্য চিঠিপত্র কমিশনের "পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭" এই ঠিকানায় পাঠাতে হবে।

২৩.০ মিথ্যা তথ্য প্রদান ও অসদুপায় অবলম্বনের শাস্তি :

২৩.১ কোনো প্রার্থী আবেদনপত্রে কোনো ভুল বা মিথ্যা তথ্য প্রদান করলে বা প্রয়োজনীয় তথ্য গোপন করলে বা টেম্পারিং করলে বা কোনো জাল সার্টিফিকেট দাখিল করলে বা বয়স ও শিক্ষাগত যোগ্যতা সংক্রান্ত সার্টিফিকেটের কোনো অংশ বা প্রবেশপত্র টেম্পারিং বা পরিবর্তন করলে বা মোবাইল ফোন, যোগাযোগযন্ত্রসহ মৌখিক পরীক্ষার দিন কমিশনে প্রবেশ করলে বা অসদুপায় অবলম্বন করলে বা প্রতারণার আশ্রয় নিলে তাকে উক্ত পরীক্ষাসহ কমিশন কর্তৃক অনুষ্ঠেয় পরবর্তী যে কোনো পরীক্ষার জন্য অযোগ্য ঘোষণা করা যাবে।

২৪.০ বিজ্ঞপ্তিটি বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের www.bpsc.gov.bd ওয়েবসাইট-এ পাওয়া যাবে।

০৮/০২/২০২৬

(মাসুমা আফরীন)
পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার)
ফোন: ৫৫০০৬৬৪৪
e-mail: e_cc@bpsc.gov.bd